## দৈনিক বাংলা

ঢাবি উপাচার্য

### গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের পরিবারের মূল্যায়ন জরুরি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেছেন, রাষ্ট্র সংস্কার যেমন জরুরি, তেমনিভাবে গত জুলাই-আগস্টে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে যারা শহীদ হয়েছেন, তাদের পরিবারের পাশে দাঁড়ানো এবং তাদের যথাযথ মূল্যায়ন করা জরুরি। গত রোববার বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতা স্মারক মাঠে জুলাই-আগস্টের শহীদ ও আহতদের স্মরণে অনুষ্ঠিত স্মরণসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. শওকাত আলীর সভাপতিত্বে স্মরণসভায় ঢাকা বিশ্ববিদ্যালয় জাপানিজ স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. আব্দুল্লাহ-আল-মামুন মুখ্য আলোচক হিসেবে বক্তব্য রাখেন। আয়োজক কমিটির আহ্বায়ক ও বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা ড. মো. ইলিয়াছ প্রামাণিক এবং শহীদ আবু সাঈদ, শহীদ আব্দুল্লাহ আল তাহের, শহীদ সাজ্জাদ হোসেন, শহীদ মোসলেম উদ্দিন, শহীদ মেরাজুল ইসলাম ও শহীদ মানিক মিয়ার স্বজনসহ আহত শিক্ষার্থীরা এতে বক্তব্য দেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, জুলাই-আগস্টের ছাত্র-জনতার গণঅভ্যুত্থান স্বল্প সময়ে বড় ধরনের পরিবর্তন এনেছে। ছাত্রদের ওপর বিশ্বাস রেখে আপামর জনগণ রাস্তায় নেমে আসায় এই আন্দোলনে দ্রুত সফলতা এসেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর ওপর তিনি গুরুত্বারোপ করেন।

স্মরণসভা শেষে রাতে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকালের দিনটিকে স্মরণীয় করে রাখতে ক্যাম্পাসে একটি গাছের চারা রোপণ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এর আগে গতকাল রোববার দুপুরে পীরগঞ্জ উপজেলার জাফরপাড়ার বাবনপুর গ্রামে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে নিহত বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ১২তম ব্যাচের শিক্ষার্থী শহীদ আবু সাঈদের কবর জিয়ারত করেন। এ সময় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, রেজিস্ট্রার, প্রক্টর, ছাত্র উপদেষ্টাসহ শিক্ষক ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি




ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান রোববার বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতা স্মারক মাঠে জুলাই-আগস্টের শহীদ ও আহতদের স্মরণে অনুষ্ঠিত স্মরণসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ছবি: সংগৃহীত

## আলোকিত বাংলাদেশ




### গণঅভ্যুত্থান শহীদ ও আহত পরিবারের মূল্যায়ন জরুরি

ঢাবি উপাচার্য

আলোকিত ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেছেন, রাষ্ট্র সংস্কার যেমন জরুরি, তেমনিভাবে গত জুলাই-আগস্টে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে যারা শহীদ হয়েছেন, তাদের পরিবারের পাশে দাঁড়ানো এবং তাদের যথাযথ মূল্যায়ন করা জরুরি। গত রোববার বিকালে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতা স্মারক মাঠে জুলাই-আগস্টের শহীদ ও আহতদের স্মরণে অনুষ্ঠিত স্মরণসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. শওকাত আলীর সভাপতিত্বে স্মরণসভায় ঢাকা বিশ্ববিদ্যালয় জাপানিজ স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. আব্দুল্লাহ-আল-মামুন মুখ্য আলোচক হিসেবে বক্তব্য রাখেন। আয়োজক কমিটির আহ্বায়ক ও বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা ড. মো. ইলিয়াছ প্রামানিক এবং শহীদ আবু সাঈদ, শহীদ আব্দুল্লাহ আল তাহের, শহীদ সাজ্জাদ হোসেন, শহীদ মোসলেম উদ্দিন, শহীদ মেরাজুল ইসলাম ও শহীদ মানিক মিয়ার স্বজনসহ আহত শিক্ষার্থীরা এতে বক্তব্য দেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, জুলাই-আগস্টের ছাত্র-জনতার গণঅভ্যুত্থান স্বল্প সময়ে বড় ধরনের পরিবর্তন এনেছে। ছাত্রদের উপর বিশ্বাস রেখে আপামর জনগণ রাস্তায় নেমে আসায় এই আন্দোলনে দ্রুত সফলতা এসেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর উপর তিনি গুরুত্বারোপ করেন। স্মরণসভা শেষে রাতে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকালের দিনটিকে স্মরণীয় করে রাখতে ক্যাম্পাসে একটি গাছের চারা রোপণ করেন।

# The Bangladesh Today




**The freshmen reception for the first-year 'Undergraduate Program' students of the Department of Information Science and Library Management, Dhaka University, was held on Monday at the R.C. Majumder Auditorium.**

**Photo : Courtesy**

# আমার সংবাদ




## ঢাবি তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের নবীন বরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের ১ম বর্ষ 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের' শিক্ষার্থীদের নবীন বরণ গতকাল সোমবার আর সি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো. রোকনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান এবং অস্ট্রেলিয়ার চার্লস স্টার্ট ইউনিভার্সিটির সিনিয়র লাইব্রেরিয়ান ও বিভাগের প্রাক্তন শিক্ষার্থী এ এন এম সাব্বির বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এছাড়া, বিভাগীয় অধ্যাপক ড. মো. নাসিরউদ্দিন মুন্সী ও ছাত্র উপদেষ্টা সহকারী অধ্যাপক মাশিয়াত তাবাস্সুম বক্তব্য দেন। নবীন শিক্ষার্থীদের পক্ষে তাসনিম আলম আসফি ও নিত্যানন্দ বর্মা তাদের অনুভূতি ব্যক্ত করেন।

প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা নবীন শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, জ্ঞানচর্চা না থাকলে বিশ্ব সভ্যতার বিকাশ ও উৎকর্ষসাধন স্থবির হয়ে পড়বে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের জ্ঞানচর্চায় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অনেক অবদান রয়েছে। সার্টিফিকেট অর্জনের পাশাপাশি সময়ের সঠিক ব্যবহারের মাধ্যমে বিশ্ববিদ্যালয় থেকে জ্ঞান আহরণ করে নিজেদের শাণিত করার জন্য তিনি নবীন শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, শিক্ষার্থীদের বিভিন্ন সামাজিক কর্মকান্ডের সঙ্গে সম্পৃক্ত হতে হবে এবং পরমতসহিষ্ণু ও মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ হতে হবে। -বিজ্ঞপ্তি

## ভোরের ডাক




### ঢাবি তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের নবীনবরণ

*ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের ১ম বর্ষ 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের' শিক্ষার্থীদের নবীনবরণ গতকাল সোমবার আর সি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।*

## দৈনিক আমাদের বার্তা




### ঢাবি তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের নবীনবরণ

■ আমাদের বার্তা, ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের ১ম বর্ষ 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের' শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার আর সি মজুমদার আর্টস মিলনায়তনে এ অনুষ্ঠান হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন।

বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো. রোকনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান এবং অস্ট্রেলিয়ার চার্লস স্টার্ট ইউনিভার্সিটির সিনিয়র লাইব্রেরিয়ান ও বিভাগের প্রাক্তন শিক্ষার্থী এ এন এম সাব্বির বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এ ছাড়া, বিভাগীয় অধ্যাপক ড. মো. নাসিরউদ্দিন মুন্সী ও ছাত্র উপদেষ্টা সহকারী অধ্যাপক মাশিয়াত তাবাসসুম বক্তব্য দেন। নবীন শিক্ষার্থীদের পক্ষে তাসনিম আলম আসফি ও নিত্যানন্দ বর্মা তাদের অনুভূতি ব্যক্ত করেন।

## দৈনিক আমাদের বার্তা




# শামসুন নাহার হল ইউনিট বাঁধন-এর নবীনবরণ ও রক্তদাতা সম্মাননা

■ আমাদের বার্তা ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয় শামসুন নাহার হল ইউনিট বাঁধন-এর নবীনবরণ ও রক্তদাতা সম্মাননা গত রোববার সন্ধ্যায় হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন।

শামসুন নাহার হল ইউনিট বাঁধন-এর সভাপতি সাইফা আক্তার ছোঁয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. নাসরিন সুলতানা ও হল ইউনিট বাঁধন-এর উপদেষ্টা শিক্ষক হাপসা আক্তার বিশেষ অতিথির বক্তব্য দেন।

ঢাকা বিশ্বিবিদ্যালয় চিকিৎসা অনুষদের ডিন অধ্যাপক ডা. মো. মোস্তাক আহাম্মদ প্রধান আলোচক হিসেবে বক্তব্য দেন। অনুষ্ঠানে সর্বোচ্চ রক্তদাতাদের সম্মাননা প্রদান এবং শ্রেষ্ঠ বাঁধন কর্মীদের পুরস্কৃত করা হয়।

## আজকালের খবর




# শামসুন নাহার হল ইউনিট বাঁধন- রক্তদাতা সম্মাননা

ঢাকা বিশ্ববিদ্যালয় শামসুন নাহার হল ইউনিট বাঁধন-এর নবীন বরণ ও রক্তদাতা সম্মাননা গত রবিবার সন্ধ্যায় হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। শামসুন নাহার হল ইউনিট বাঁধন-এর সভাপতি সাইফা ছোঁয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. নাসরিন সুলতানা ও হল ইউনিট বাঁধন-এর উপদেষ্টা শিক্ষক হাপসা আক্তার বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা অনুষদের ডিন অধ্যাপক ডা. মোঃ মোস্তাক আহাম্মদ প্রধান আলোচক হিসেবে বক্তব্য দেন। অনুষ্ঠানে সর্বোচ্চ রক্তদাতাদের সম্মাননা প্রদান এবং শ্রেষ্ঠ বাঁধন কর্মীদের পুরস্কৃত করা হয়। বিজ্ঞপ্তি

# ভোরের কাগজ



ঢাকা বিশ্ববিদ্যালয় শামসুন নাহার হল মিলনায়তনে গত রবিবার অনুষ্ঠিত হল ইউনিট 'বাঁধন'-এরনবীনবরণ ও রক্তদাতা সম্মাননা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা ও অন্য অতিথিদের সঙ্গে বাঁধনের সদস্যরা ফটোসেশনে অংশ নেন। শামসুন নাহার হল ইউনিট বাঁধনের সভাপতি সাইফা আক্তার ছোঁয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. নাসরিন সুলতানা ও হল ইউনিট বাঁধনের উপদেষ্টা শিক্ষক হাফসা আক্তার বিশেষ অতিথিহিসেবে বক্তব্য রাখেন। বিজ্ঞপ্তি

# দৈনিক বর্তমান




ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের উদ্যোগে সেমিনার সোমবার আর সি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন -বর্তমান

## ঢাবিতে বাংলাদেশী ব্যান্ড সংগীতের উন্নয়ন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের উদ্যোগে 'Development and Industrialization of Bangladeshi Band Music' বিষয়ক এক সেমিনার সোমবার আর সি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সংগীত বিভাগের চেয়ারম্যান ড. প্রিয়াংকা গোপের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। গীতিকার, সুরকার ও কম্পোজার নকীব খান এবং সংগীতশিল্পী ও কম্পোজার পলাশ নূর আলোচক হিসেবে বক্তব্য রাখেন। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বলেন, সংগীত চর্চা মানুষকে সৃজনশীল, মানবিক মূল্যবোধ সম্পন্ন ও দেশপ্রেমে উদ্বুদ্ধ করে। তাত্ত্বিক পড়াশোনার সঙ্গে ব্যবহারিক জ্ঞানের সংমিশ্রণ ঘটাতে এধরনের সেমিনার আয়োজনের উপর তিনি গুরুত্বারোপ করেন। অন্যসব মাধ্যমের মতো সংগীত শিল্পেও যুগের সঙ্গে তাল মিলিয়ে পরিবর্তন ও পরিমার্জন হয়ে থাকে। পরিবর্তনের এই সৌন্দর্যকে মেনে নিয়ে সুস্থ সাংস্কৃতিক বিকাশে ভূমিকা রাখার জন্য তিনি সংগীত বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

# কালবেলা

## শ্রীভূমিতে বিক্ষোভে আমদানি-রপ্তানি বন্ধ জকিগঞ্জে

সিলেটের জকিগঞ্জ শুল্ক স্টেশন দিয়ে আমদানি-রপ্তানিসহ সব ধরনের বাণিজ্যিক কার্যক্রম বন্ধ করে দেন ভারতের শ্রীভূমির (করিমগঞ্জ) সনাতনী ঐক্য মঞ্চের সদস্যরা। গতকাল সোমবার দুপুরে শ্রীভূমির শুল্ক স্টেশন এলাকায় বিক্ষোভ শুরু করেন তারা। এর পরই জকিগঞ্জ দিয়ে বাংলাদেশের সঙ্গে দেশটির আমদানি-রপ্তানিসহ সব বাণিজ্যিক কার্যক্রম বন্ধ করে দেন। ফলে বাংলাদেশি ব্যবসায়ীদের এলসি করা মালপত্রের গাড়ি ওই শুল্ক স্টেশন থেকে ফেরত গেছে। এতে বিপুল ক্ষতির আশঙ্কা করা হচ্ছে। এ বিষয়ে জকিগঞ্জ শুল্ক স্টেশন থেকে শ্রীভূমি (করিমগঞ্জ) শুল্ক স্টেশনে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে সেখানকার কর্মকর্তারা কল রিসিভ করেননি বলে জানান সংশ্লিষ্টরা। অন্যদিকে শ্রীভূমি (করিমগঞ্জ) সূত্রে জানা যায়, গতকাল সকালে বাংলাদেশের সুতারকান্দি শুল্ক স্টেশন দিয়ে রপ্তানি হওয়া কিছু পণ্য বিক্ষোভকারীরা পুড়িয়ে ফেলেন। সেসময় বাংলাদেশি পণ্য বয়কটের ঘোষণা দেন তারা। ▸▸ সিলেট ব্যুরো

## দৈনিক আমাদের বার্তা

# ঢাবি থেকে ৩৫ গবেষকের পিএইচডি লাভ

■ আমাদের বার্তা, ঢাবি

সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) থেকে ৩৫ জন গবেষক পিএইচডি এবং ১৯ জন এমফিল ডিগ্রি অর্জন করেছেন। গত ১৩ নভেম্বর অনুষ্ঠিত সিন্ডিকেটের এক সভায় তাদের এসব ডিগ্রি দেয়া হয়। ঢাবির উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভায় সভাপতিত্ব করেন। গতকাল সোমবার জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

পিএইচডি ডিগ্রি প্রাপ্তরা হলেন, বাংলা বিভাগের অধীনে মো. জাহিদ হোসেন, শামীমা আক্তার ও অলোক কুমার চক্রবর্তী, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধীনে ইমতিয়াজ আহমেদ, সমাজবিজ্ঞান বিভাগের অধীনে উম্মে জাকিয়া, রসায়ন বিভাগের অধীনে মো. আফজাল হোসেন, ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের অধীনে সুবর্না শারমিন, ভূগোল ও পরিবেশ বিভাগের অধীনে মাহমুদা বিনতে লতিফ, একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের অধীনে মোহাম্মদ জমির উদ্দীন সিকদার, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধীনে সজয় কান্তি সাহা, তাত্ত্বিক পদার্থ বিজ্ঞান বিভাগের অধীনে মোহাম্মদ আলমগীর হোসেন, এডুকেশনাল অ্যান্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের অধীনে নাফিজা ফেরদৌসী, কমিউনিকেশন ডিজঅর্ডারস বিভাগের অধীনে তামান্না তাসকীন, ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের অধীনে মো. নুরে আলম ও রাশেদা বেগম দিনা, মনোবিজ্ঞান বিভাগের অধীনে জেবিন নাহার ও মো. শাহীন মোল্লা, অণুজীব বিজ্ঞান বিভাগের অধীনে মো. মাহমুদ হাসান, জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি বিভাগের অধীনে মো. শওকত হোসেন, রসায়ন বিভাগের অধীনে স্বপন কুমার রায়, ফলিত গণিত বিভাগের অধীনে শাহীনা আক্তার, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগের অধীনে এবিএম ছিদ্দিক, ইংরেজি বিভাগের অধীনে আলিয়া শাহনূর আমিন ও জাহিদ আলম মুন্না, মনোবিজ্ঞান বিভাগের অধীনে ফায়েজা আহমেদ, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের অধীনে মাসুদ ইবনে রহমান ও রওশন আরা বেগম, ম্যানেজমেন্ট বিভাগের অধীনে মেহেনাজ হক, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধীনে মো. শরীফুল আলম ও ফকির মাশুক আলমগীর, মার্কেটিং বিভাগের অধীনে মো. আসলাম উদ্দিন, অর্গানাইজেশন স্ট্র্যাটেজি অ্যান্ড লিডারশিপ বিভাগের অধীনে মোহাম্মদ ফারুক সরকার, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউটের অধীনে ফারজানা সুলতানা বারী, ডিজাস্টার সায়েন্স অ্যান্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগের অধীনে মো. তৌহিদুল ইসলাম এবং ইসলামিক স্টাডিজ বিভাগের অধীনে ফজলে এলাহী মামুন।

## মানবজমিন

# ঢাবি থেকে ৩৫ গবেষকের পিএইচডি এবং ১৯ জনের এমফিল ডিগ্রি অর্জন

*ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সম্প্রতি ৩৫ গবেষক পিএইচডি এবং ১৯ এমফিল ডিগ্রি অর্জন করেছেন। গত ১৩ নভেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের এক সভায় তাদের এসব ডিগ্রি প্রদান করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভায় সভাপতিত্ব করেন।* **বিজ্ঞপ্তি**

# The Country Today

## 35 researchers get Ph.D., M.Phil degrees from DU

**DU Correspondent**

Some 35 researchers have recently earned Ph.D. and 19 M.Phil. degrees from Dhaka University.

These degrees were awarded to them at a meeting of the Syndicate held recently. Dhaka University Vice-



Chancellor Professor Dr. Niaz Ahmed Khan presided over the meeting.

The Ph.D. degree recipients are- Md. Zahid Hossain, Shamima Akhter and Alok Kumar Chakraborty, Imtiaz Ahmed under the Department of Islamic History and Culture, Umme Zakia

**Continued to page 2**

## 35 researchers get Ph.D.

under the Department of Sociology, Md. Afzal Hossain under the Department of Chemistry, Subarna Sharmin under the Department of Development Studies, Mahmuda Binte Latif under the Department of Geography and Environment, Mohammad Zamir Uddin Sikder under the Department of Accounting and Information Systems, Sajoy Kanti Saha under the Department of Biochemistry and Molecular Sciences, Mohammad Alamgir Hossain under the Department of Theoretical Physics, Nafiza Ferdousi under the Department of Educational and Counseling Psychology, Tamanna Taskin under the Department of Communication Disorders, Md. Noor Alam and Rasheda Begum Dina under the Department of Applied Chemistry and Chemical Engineering, Zebin Nahar and Md. Shaheen Mollah under the Department of Microbiology Md. Mahmud Hasan, Md. Shawkat Hossain under the Department of Genetic Engineering and Biotechnology, Swapan Kumar Roy under the Department of Chemistry, Shahina Akhter under the Department of Applied Mathematics, A. B. M. under the Department of Management Information Systems. Siddique, Alia Shahnur Amin and Zahid Alam Munna under the English Department, Fayeza Ahmed under the Psychology Department, Masud Ibne Rahman and Rowshan Ara Begum under the Social Welfare and Research Institute, Mehnaz Haque under the Management Department, Md. Shariful Alam and Fakir Mashuk Alamgir under the Electrical and Electronic Engineering Department, Md. Aslam Uddin under the Marketing Department, Mohammad Faruk Sarkar under the Organization Strategy and Leadership Department, Farzana Sultana Bari under the Nutrition and Food Science Institute, Md. Touhidul Islam under the Disaster Science and Climate Resilience Department and Fazle Elahi Mamun under the Islamic Studies Department.

# The New Nation

## DU holds procession marking month of victory

City Desk

The Dhaka University (DU) authorities on Sunday brought out a colorful procession on the university campus marking the beginning of the month of victory.

Vice-Chancellor of the university Dr Niaz Ahmad Khan inaugurated the programme by releasing pigeons and balloons at the foot of Aparajeo Bangla on the campus, reports BSS.

Led by the VC, teachers, students and officials of the university joined the procession that started from the Aparajeo Bangla and ended at the Smriti Chironton Square after parading TSC area.

Pro-Vice Chancellor (Administration) Prof Sayema Haque Bidisha, senate and syndicate members, deans, hall provosts, directors, department heads, teachers, students, alumni and staff of the university also joined the procession, among others.

Prior to the procession, Prof Niaz Ahmed Khan paid tributes to the martyrs of the Liberation War and also highlighted the significance of the recent July Uprising.